১৩৫

আজকের কাগজ

তারিখ 20 FEB 1996
পৃষ্ঠা ৬ কলাম ২

বাধ্যতামূলক শিক্ষাচিত্র নেত্রকোনা

# অর্ধলক্ষ শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত

আবু জাফর তালুকদার : নেত্রকোনা জেলার ১০টি থানার অর্ধলক্ষ শিশু বিভিন্ন কারণে সরকার ঘোষিত বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতার বাইরে রয়ে গেছে। জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ পরিচালিত শিশু জরিপের রিপোর্ট অনুযায়ী জেলায় ৬৩৪টি সরকারি, ৪৪৪টি রেজিস্ট্রেশনপ্রাপ্ত ও ১৪৪টি রেজিস্ট্রেশনবিহীন প্রাথমিক বিদ্যালয় রয়েছে এবং ২০৫টি এবতেদায়ী মাদ্রাসা ৪২টি উচ্চ মাদ্রাসা সংলগ্ন বিদ্যালয়, ৫২টি কমিউনিটি বিদ্যালয়, ৭টি উচ্চ বিদ্যালয় সংলগ্ন বিদ্যালয়, ৮টি স্যাটেলাইট এবং ১৪টি কিন্ডার গার্টেনে চলতি শিক্ষাবর্ষে মোট ২ লাখ ৯২ হাজার ৬৭৭ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ন করছে। কিন্তু নেত্রকোনা জেলার ১০টি থানায় ৬ থেকে ১০ বছর বয়সের বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ৩ লাখ ৩৮ হাজার ৪১৮ জন। এর মধ্যে ৪৫ হাজার ৩৪১ জন শিশু কোনো বিদ্যালয়ে ভর্তি হয়নি। এ বিপুল পরিমাণ শিশু শিক্ষা কার্যক্রমের বাইরে থাকার কারণ হিসেবে জানা গেছে যে, পর্যাপ্ত বিদ্যালয় থাকলেও আসবাবপত্রের অভাব ও তত্ত্বাবধানের অভাবে নেত্রকোনায় প্রাথমিক শিক্ষা কার্যক্রমের এ হাল। পরিদর্শকের সংখ্যা বাড়ানো হলে পরিস্থিতির কিছুটা উন্নতি হতে পারে বলে ধারণা করা হচ্ছে। এ ছাড়াও বিভাগীয় কর্মকর্তাদের গাফলতি এ অবস্থার জন্যে অনেকটা দায়ী বলে পর্যবেক্ষক মহলের ধারণা। জেলার ৬টি থানা শিক্ষা কর্মকর্তা, ১২টি সহকারি শিক্ষা কর্মকর্তা, ১৮টি প্রধান শিক্ষক ও ৩৬টি সহকারি শিক্ষকের পদ শূন্য। এ ছাড়াও বিদ্যালয় অনুযায়ী সহকারি শিক্ষা কর্মকর্তার পদ বৃদ্ধি করা আবশ্যক। জেলার প্রাথমিক শিক্ষার সবচাইতে করুণ হাল বিরাজ করছে খালিয়াজুরী থানায়। এ থানায় মাত্র ৯ হাজার ৬০৯ জন শিশু প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়ন করছে। হাওড় অঞ্চলে বলে থানায় বছরের প্রায় ৫/৬ মাস সিংহভাগ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকে। কারণ এ সময় থাকে বর্ষা, বন্যা এবং পাহাড়ী ঢলের পানি।